# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 10 May, 2025

চুয়াডাঙ্গায় বাংলাদেশ জামায়াতে ইসলামীর রুকনদের নিয়ে দিনব্যাপী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১০ মে) জেলার শিল্পনগরী দর্শনায় এই শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

জামায়াতে ইসলামী চুয়াডাঙ্গা জেলা শাখার আয়োজনে দর্শনা অডিটোরিয়ামে অনুষ্ঠিত রুকন শিক্ষা শিবিরে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম।বিশেষ অতিথি ছিলেন যশোর-কুষ্টিয়া অঞ্চল পরিচালক মোঃ মোবারক হোসাইন, অঞ্চল টিম সদস্য অধ্যাপক আলমগীর বিশ্বাস।

রুকন সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে জামায়াতের কেন্দ্রীয় নেতা মাওলানা আব্দুল হালিম বলেন, তিনটি বিষয় নিয়ে আগামীতে এগুতে চায় জামায়াত।ফ্যাসিস্টদের বিচার, সংস্কার ও নির্বাচন।পলাতক শেখ হাসিনাসহ ফ্যাসিস্ট আওয়ামীলীগের বিচার করতে হবে আগে।এরপর সকল সেক্টরে সংস্কার করে একটি গ্রহনযোগ্য নির্বাচন দিতে হবে।

তিনি আরো বলেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী আগামীতে ক্ষমতায় এসে দূর্নীতি ও বৈষমমুক্ত একটি কল্যানমুখী বাংলাদেশ গড়তে চায়।

জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা জেলা শাখার আমীর রুহুল আমীনের সভাপতিত্বে অনুষ্ঠিত রুকন শিক্ষা শিবিরে জেলার ৬'শ রুকন অংশ নেন।

এতে আরো উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী এ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল, জেলা জামায়াতের সহকারী সেক্রেটারি আব্দুল কাদের।

শিক্ষা শিবিরে স্বাগত বক্তব্য রাখেন জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা আজিজুর রহমান। অনুষ্ঠানটি পরিচালনা করেন জেলা জামায়াতের সেক্রেটারি এ্যাডভোকেট আসাদুজ্জামান।

চুয়াডাঙ্গা শিক্ষা শিবির বাংলাদেশ জামায়াতে ইসলামী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:45

URL: https://www.timestodaybd.com/khulna/7758072224